

Semester- 4 General SEC (Psychology)

সংবেদন ও প্রত্যক্ষের মধ্যে সম্বন্ধ

সংবেদন ও প্রত্যক্ষ উভয়ের জন্য ইন্দ্রিয় ও উদ্দীপক অর্থাৎ বাহ্যবস্তুর প্রয়োজন। কিন্তু এদের মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ পার্থক্য আছে।

প্রথমতঃ, সংবেদন জ্ঞানের উপকরণ যোগান দেয়, সংবেদন নিজে জ্ঞান নয়। অপরপক্ষে, প্রত্যক্ষ নিজে একটি জ্ঞান।

দ্বিতীয়তঃ, সংবেদনে মনের কোনো ভূমিকা থাকে না, অর্থাৎ সংবেদনে মন নিষ্ক্রিয় থাকে। প্রত্যক্ষে মন সক্রিয় থাকে। কেননা- সংবেদনকে ব্যাখ্যা করলে তা প্রত্যক্ষে পর্যবসিত হয়। ব্যাখ্যা করার সময় মনকে সক্রিয় ভূমিকা পালন করতে হয়।

তৃতীয়তঃ, সংবেদনে কোনো বস্তুর অস্তিত্ব প্রকাশিত হয় মাত্র, বস্তুর গুণের সাথে পরিচিতি হয় না। প্রত্যক্ষে বস্তুর নাম, রূপ ইত্যাদি গুণের সাথে পরিচয় হয়, অর্থাৎ বস্তুর গুণের জ্ঞান হয়।

চতুর্থতঃ, সংবেদন উপস্থাপনমূলক, অর্থাৎ সংবেদনে বস্তু ইন্দ্রিয়ের সামনে উপস্থাপিত হয় মাত্র। কিন্তু প্রত্যক্ষ উপস্থাপনমূলক ও পুনরুজ্জীবনমূলক।

Aparajita Kundu

Department of Philosophy